



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি  
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী  
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১  
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)  
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১  
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০২১.১৮. ০৭২৫

তারিখঃ- ১৪/কার্তিক/১৪২৫ বঙ্গাব্দঃ  
২৯/অক্টোবর/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ- যানবাহন (মটর সাইকেল) পুনঃ নিলাম বিজ্ঞপ্তি।

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত মটর সাইকেল (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারদের নিকট হতে সাদা কাগজে/ নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরযুক্ত খামে পুনঃ নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

নিলাম দরপত্র নং	যানবাহনের বিবরণ ও রেজিস্ট্রেশন নম্বর	পরিমাণ	সর্বনিম্ন নিলাম মূল্য (টাকা)	উদ্ধৃত দর (টাকা)
২৩/ ২০১৮-২০১৯	যশোর-হ-১১-১৭৯৯, পেট্রোল চালিত, রং-লাল,হোন্ডা মটর,কোং জাপান,সিজি-১২৫	০১ টি	১২,০০০.০০	
	খুলনা -হ-১১-১২৪৭, পেট্রোল চালিত, রং-লাল,হোন্ডা মটর,কোং জাপান,সিজি-১২৫	০১ টি	১৫,০০০.০০	
	সাতক্ষীরা -হ-১১-১৮৩৪, পেট্রোল চালিত, রং-লাল,হোন্ডা মটর,কোং জাপান,সিজি-১২৫	০১ টি	১০,০০০.০০	
	সাতক্ষীরা-হ-১১-৩৫২৫, পেট্রোল চালিত, রং-লাল,হোন্ডা মটর,কোং জাপান,সিজি-১২৫	০১ টি	১২,০০০.০০	
সর্বমোট =				


কথায়ঃ-

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাগণ আগামী ০৪/১১/২০১৮ ইং তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত নিলাম দরপত্র খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ঠিকরাবন্দ, খুলনা এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে।
- দাখিলকৃত দরপত্রসমূহ বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত নিলাম দরদাতা ব্যক্তি/ প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- সকল দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে প্রদত্ত দরের উপর ২৫% আর্নেস্টমানি হিসেবে ( যা কার্যাদেশ প্রাপ্ত না হলে ফেরতযোগ্য) খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর আকারে নিলাম দরপত্রের সংগে জমা দিতে হবে। কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি হতে যানবাহন গ্রহন করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা দিতে ব্যর্থ হলে জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- কৃতকার্য নিলাম দরদাতাকে সরকারী নিয়ম অনুযায়ী ৫% উৎসে কর এবং ৪% ভ্যাট সহ অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে হবে।
- প্রতিটি যানবাহনের বিপরীতে প্রদত্ত দর কে পৃথকভাবে মূল্যায়ন পূর্বক সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে।
- বর্ণিত নিলামযোগ্য যানবাহন প্রতিদিন অফিস চলাকালীন সময়ে যে কোন দিন সমিতির সদর দপ্তর, ঠিকরাবন্দ, খুলনায় পরিদর্শন করা যাবে।
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত সর্বনিম্ন দরের নীচে কোন দর গ্রহন করা হবে না। দরপত্রের খামের উপরে অত্র পবিসের নাম ও গাড়ীর রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করতে হবে।
- বিক্রয়াদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে সংশ্লিষ্ট বিআরটিএ অফিস হতে নাম পরিবর্তনসহ গাড়ীর কাগজপত্র সংগ্রহ করতে হবে।
- নিলামে যানবাহন ক্রয়ের অতিরিক্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির প্রশাসন বিভাগে সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।
- নিলাম দরপত্রে কোন কাটা হেঁড়া/ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১২। অত্র পবিস কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র বা দরপত্রের অংশ বিশেষ গ্রহন/বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

  
(শহীদুজ্জামান)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র জমা নেওয়ার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০২। জেলা প্রশাসক, খুলনা।

০৩। পুলিশ সুপার, খুলনা।

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪

০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, খুলনা।

০৬। ডিজিএম- (সদর-কারিগরি)/ডুমুরিয়া/পাইকগাছা/সেনেরবাজার জোনাল অফিস, খুলনা পবিস।

০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম), খুলনা পবিস।


০৮। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), খুলনা পবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)

০৯। মেসার্স-----।

১০। নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।

১১। অফিস/মাস্টার কপি।

নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

  
সিনিয়র জেনারেল ম্যানেজার  
খুলনা পবিস।

